মোঃ সাইফুল ইসলাম
পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-১
গার্ডেন হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৬.২২.১৭৭১ | তারিখ: ১৩ আষাঢ় ১৪২৯
২৭ জুন ২০২২

বিষয়: **দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন যাচাই /তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১)অধ্যক্ষ,ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসার স্মারক নং-ভ, কা, মা-৪৬/২০২২; তারিখ: ২০/০৬/২০২২ খ্রি. মাশিঅর ডকেট নং-৭৯৯০;তারিখ: ২৭/০৬/২০২২ খ্রি:
(০২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর এর স্মারক নং- উমাশিঅ/পার্বতী/দিনাজ/২০২২/২৫৬; তারিখ: ২০/০৬/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও শীটে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থীগণের চাহিত পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় | আবেদনকারীর চাহিত পদবী ও বিষয় |
|---|---|---|---|
| ০১ | MD RAFIQUL ISLAM<br>Index: R378853 | পদবী- AP<br>বিষয়-নেই | পদবী: AP<br>বিষয়: ARABIC |
| ০২ | A K M MOSTAFA HAKIM<br>Index:R383774 | পদবী- AP<br>বিষয়-ISLAMIC HUSTORY | পদবী- AP<br>বিষয়- ARABIC |
| ০৩ | MD FOYZUR RAHMAN<br>Index:R2008974 | পদবী-ADIB<br>বিষয়-ADOB AND FECA | পদবী- ADIB<br>বিষয়- ADOB |
| ০৪ | MD ABDUL OHAB<br>Index:R2008975 | পদবী-ADIB<br>বিষয়-ADOB AND FECA | পদবী- ADIB<br>বিষয়- ADOB |
| ০৫ | MOST. MARUFA KHATUN<br>Index:R394733 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়- BANGLA |
| ০৬ | MD SULTAN MAHMUD<br>Index:R395498 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়- HUMANITIES |
| ০৭ | MD RUHUL KUDDUS<br>Index:398182 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়-CHEMISTRY |
| ০৮ | MD OMAR FARUK<br>Index:690784 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়-MATHEMATICS |
| ০৯ | MD DELWAR HOSSAIN SAYDI<br>Index:692050 | পদবী- LEC<br>বিষয়-নেই | পদবী- LEC<br>বিষয়- HADITH |
| ১০ | MD ZAHANGIR ALAM<br>Index:2017370 | পদবী- LEC<br>বিষয়-ARABIC | পদবী- LEC<br>বিষয়- TAFSIR |
| ১১ | MD. ALAMGIR KABIR SARKER<br>Index: M0025436 | পদবী- LEC<br>বিষয়-COMPUTER AND INFIRMATION TECHNOLOGY | পদবী- LEC<br>বিষয়- INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY |
| ১২ | KHAMIKHA CHANDRA RAY<br>Index:382135 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- MATHEMATICS |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | MD MIZANUR RAHMAN<br>Index:687394 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- INFORMATION AND COMMUNICATION TECHNOLOGY |
| ১৪ | MD MIZANUR RAHMAN<br>Index:2002743 | পদবী- DEMO<br>বিষয়-নেই | পদবী- DEMO<br>বিষয়- CHEMISTRY |
| ১৫ | CHANDAN PROSAD SAHA<br>Index:2008977 | পদবী- DEMO<br>বিষয়-নেই | পদবী-DEMO<br>বিষয়- BIOLOGY |
| ১৬ | S M MOHSIN ALI<br>Index:2017371 | পদবী- PHT<br>বিষয়-নেই | পদবী- AT<br>বিষয়- PHYSICAL EDUCATION |
| ১৭ | MRS AMINA KHATUN<br>Index:680854 | পদবী- LIB<br>বিষয়-নেই | পদবী-AL<br>বিষয়- LIBRARY & INFORMATION SCIENCE |
| ১৮ | MD. AYUB ALI<br>Index:381446 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী-AM<br>বিষয়- প্রযোজ্য নয় |
| ১৯ | ZAKEYA AFORZ<br>Index:2121440 | পদবী- AT<br>বিষয়-SCIENCE | পদবী- AT<br>বিষয়- BIOLOGY |
| ২০ | AYESHA SIDDIKA<br>Index:090661 | পদবী- EB<br>বিষয়-নেই | পদবী- EB-M<br>বিষয়- প্রযোজ্য নয় |
| ২১ | JOYNAL ABEDIN<br>Index:382134 | পদবী- নেই<br>বিষয়-নেই | পদবী- EB-Q<br>বিষয়- প্রযোজ্য নয় |
| ২২ | MST MOSTAFA BANU<br>Index:387885 | পদবী-EB<br>বিষয়-নেই | পদবী- EB-T<br>বিষয়- প্রযোজ্য নয় |

আবেদনটি যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- কে যৌথভাবে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১)প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬)প্রথম বেতন-বিলসহ বেতন কোড ও বেতন স্কেল সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭)চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে জন্ম তারিখের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮)প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলেরপ্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর বেতন কোড ও বেতন স্কেল সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১)পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে পদবী ও বিষয় সংশোধন/সংযোজনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে-৬ পাতা।

২৭-৬-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)
ফোন: ৪১০৩০৮৯৬
ইমেইল: badshaprog3@gmail.com

বিতরণ :

১) জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

২) জনাব ইমন আমির, পরিদর্শক (বরিশাল বিভাগ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৬.২২.১৭৭১/১

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৯ / ২৭ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।

৩) সভাপতি/অধ্যক্ষ, ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসা, পার্বতীপুর, দিনাজপুর।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

২৭-৬-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)